

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
যুব উন্নয়ন অধিদপ্তর
হাকিমপুর, দিনাজপুর।


স্মারক নং-৩৪.০১.২৭৪৭.০০০.৪৯.০৪১.২০১১- ৯৮

তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ।

বিষয়ঃ উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির সভায় উপস্থিত থাকা প্রসংগে।

উপরোক্ত বিষয়ের প্রতি আপনার সদয় অবগতির জন্য জানানো যাচ্ছে যে, আগামী ২১/০৬/২০২২ খ্রিঃ তারিখ সকাল ১০.০০ টায় ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাকিমপুর মহোদয়ের সভাপতিত্বে অীহার অফিস কক্ষে উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক কমিটির এক সভা আহবান করা হয়েছে। উক্ত সভায় সম্মানীত সদস্য হিসাবে উপস্থিত থাকার জন্য আপনাকে অনুরোধ করা হলো।


প্রাপকঃ
.....
.....।


(মোঃ জহুরুল ইসলাম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (চঃদাঃ)
হাকিমপুর, দিনাজপুর।
১৫/০৬/২২

তারিখঃ ১৫/০৬/২০২২ খ্রিঃ।

স্মারক নং-৩৪.০১.২৭৪৭.০০০.৪৯.০৪১.২০১১- ৯৮
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

- ০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
- ০৪। হাকিমপুর, দিনাজপুর।
- ০৫। অফিস কপি।


(মোঃ জহুরুল ইসলাম)
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা (চঃদাঃ)
হাকিমপুর, দিনাজপুর।
১৫/০৬/২২

হাকিমপুর উপজেলা পরিষদের যুব ও ক্রীড়া উন্নয়ন বিষয়ক স্থায়ী কমিটির আগষ্ট/২০২১ খ্রিঃ মাসের অনুষ্ঠিত সভার কার্যবিবরণী:

সভাপতিঃ মোঃ শাহীনের রেজা শাহীন
ভাইস চেয়ারম্যান
উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর।

সভার স্থানঃ ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ-এর অফিস কক্ষ।
তারিখঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ।
সময়ঃ সকাল ১০.০০ ঘটিকা।


(সভায় উপস্থিত সদস্যবৃন্দের নামের তালিকাঃ পরিশিষ্ট “ক”।)

অধ্যাকার সভার শুরুতে সভাপতি মহোদয় উপস্থিত সকল সদস্যবৃন্দকে স্বাগত জানিয়ে সভার কাজ শুরু করেন। সভাপতির অনুমতিক্রমে সদস্য সচিব উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা সভায় জানান যে, এ উপজেলায় যুব কার্যক্রম স্বাভাবিকভাবে বাস্তবায়িত হচ্ছে। উপজেলা পর্যায়ে অপ্রাতিষ্ঠানিক প্রশিক্ষণ নিয়মিতভাবে পরিচালনা করার জন্য প্রধান কার্যালয় হতে নির্দেশনা পাওয়া গিয়েছে। প্রতিব্যাচে ৩০ জন প্রশিক্ষার্থী হিসেবে ১৪টি ব্যাচের প্রশিক্ষণ পরিচালনা করা হবে। প্রশিক্ষণের গুনগত মান বৃদ্ধি এবং উপস্থিতি আরো বৃদ্ধি করার জন্য সভায় সকল সদস্যকে প্রশিক্ষার্থীদের উত্থাপনের জন্য এলাকায় প্রচারের জন্য সদস্য সচিব আহবান জানান। সদস্য সচিবের আহবানের প্রেক্ষিতে সকলে একমত পোষন করেন।

সভায় সভাপতি মহোদয় ক্রীড়া বিষয়ে প্রতিটি ইউনিয়নে ৩০টি করে ফুটবল, ২০টি ভলিবল, ২০টি করে নেট, ১০টি ক্রিকেট সেট এবং উপজেলা ক্রীড়া সংস্থায় ৬টি ক্রিকেট সেট, লৌহবল, চাকতি, বর্ষা ও ফুটবল জার্সি ৪(চার)সেটসহ উল্লেখিত খেলার উপকরনাদি বরাদ্দ প্রদানের জন্য সভায় প্রস্তাব করে এবং ১(এক)টি করে ইউনিয়নের বিপরীতে খেলার উপকরনাদী ক্রয়ের নিমিত্তে সম্ভাব্য কিছু বাজেট পেশ করেনঃ

১। ফুটবল ৮৫০/- টাকা হিসাবে ৩০টি	=২৫,৫০০/-
২। ভলিবল নেটসহ ১৯০০/- টাকা হিসাবে	=৩৮,০০০/-
৩। চাকতি ওকেজি ওজনের ৮৫০/- টাকা হিসাবে ৬সেট	=৫,১০০/-
৪। বর্ষা ১২০০/- টাকা হিসাবে ৬সেট	=৭,২০০/-
৫। মহিলা হ্যান্ডবল নেটসহ ২১০০/- টাকা হিসাবে ৬সেট	=১২,৬০০/-
৬। ক্রিকেট সেট ১৪০০০/- টাকা হিসাবে ১০সেট	=১,৪০,০০০/-
৭। জার্সি ৪২০/- টাকা হিসাবে ৪০টি	=১৬,৮০০/-
৮। হাফপ্যান্ট ৩০০/- টাকা হিসাবে ৪০টি	=১২,০০০/-
৯। বুট ২৫০/- টাকা হিসাবে ৪০জোড়া	=১০,০০০/-
১০। মার্ক ২২০/- টাকা হিসাবে ৪০ টি	=৮,৮০০/-
১১। এফ্রোন ২২০/- টাকা হিসাবে ৪০টি	=৮,৮০০/-
১২। দড়ি ১২০/- টাকা হিসাবে ৪০টি	=৪,৮০০/-
সর্বমোটঃ ২,৮৯,৬০০/-	

উপস্থিত সকল সদস্যবৃন্দ সভাপতি ও সদস্য সচিবের প্রস্তাবে সম্মতি প্রকাশ করেন এবং ইহা বাস্তবায়নের জন্য সভায় সিদ্ধান্ত গ্রহীত হয়। অতঃপর সভায় আর কোন আলোচনা না থাকায় সভাপতি মহোদয় উপস্থিত সকলকে ধন্যবাদ জানিয়ে সভার সমাপ্তি ঘোষনা করেন।



মোঃ শাহীনের রেজা শাহীন
ভাইস চেয়ারম্যান, উপজেলা পরিষদ
ও
সভাপতি
উপজেলা যুব ও ক্রীড়া উন্নয়ন কমিটি।

গণপ্রজাতন্ত্রী বাংলাদেশ সরকার
উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তার কার্যালয়
হাকিমপুর, দিনাজপুর।

স্মারক নং-৩৪.০১.২৭৪৭.০০০.৪৯.০৪১.২০১১- ৯৯(ক)
অনুলিপি সদয় অবগতির জন্য প্রেরণ করা হলোঃ

তারিখঃ ২৫/০৮/২০২১ খ্রিঃ।

- ০১। উপপরিচালক, যুব উন্নয়ন অধিদপ্তর, দিনাজপুর।
- ০২। চেয়ারম্যান, উপজেলা পরিষদ, হাকিমপুর, দিনাজপুর।
- ০৩। উপজেলা নির্বাহী অফিসার, হাকিমপুর, দিনাজপুর।
- ০৪।হাকিমপুর, দিনাজপুর।
- ০৫। অফিস কপি।


উপজেলা যুব উন্নয়ন কর্মকর্তা
যুব উন্নয়ন অধিদপ্তর
হাকিমপুর, দিনাজপুর।

